



এমটিএ ঘানা টিভি চ্যানেল উদ্বোধন করলেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্বপ্রধান



নতুন চ্যানেলটি একমাত্র স্থলভিত্তিক (টেরেস্ট্রিয়াল) ডিজিটাল ইসলামী চ্যানেল যা বর্তমানে ঘানায়
২৪ ঘণ্টা অনুষ্ঠানমালা প্রচার করছে

আহমদীয়া মুসলিম জামা'ত ঘোষণা করতে পেরে আনন্দিত যে, ১৫ জানুয়ারী ২০২১ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্বপ্রধান, পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্বা মসরুর আহমদ (আই.) একটি নতুন স্থলভিত্তিক (টেরেস্ট্রিয়াল) ডিজিটাল টিভি চ্যানেল এমটিএ ঘানা উদ্বোধন করেছেন, যা বিশেষভাবে ঘানার জনগণের প্রয়োজন মেটাতে প্রতিষ্ঠিত হয়েছে।

হযূর আকদাস জুমুআর খুতবাতে এটি উদ্বোধনের ঘোষণা প্রদানের পর, ইসলামাবাদের টিলফোর্ডে অবস্থিত মুবারক মসজিদ থেকে আনুষ্ঠানিকভাবে চ্যানেলটি উদ্বোধন করেন।

উদ্বোধনের পরে, হযূর আকদাস সর্বশক্তিমান আল্লাহর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে দোয়া পরিচালনা করেন।

হযূর আকদাস জুমুআর খুতবাতে এটি উদ্বোধনের ঘোষণা করে বলেন যে, চ্যানেলটি চব্বিশ ঘণ্টা অনুষ্ঠানমালা সম্প্রচার করবে, আর এ প্রসঙ্গে ২০১৭ সালে ঘানায় প্রতিষ্ঠিত আব্দুল ওয়াহাব আদম স্টুডিওর কথাও উল্লেখ করেন, যা এমটিএ ইন্টারন্যাশনাল-এর এমটিএ আফ্রিকা চ্যানেলে সম্প্রচারিত অনুষ্ঠানমালার সিংহভাগ তৈরি করে আসছে।

স্টুডিওতে বিদ্যমান সুবিধাসমূহ ও এর লোকবল সম্পর্কে হযরত মির্বা মসরুর আহমদ (আই.) বলেন:

“ওয়াহাব আদম স্টুডিওতে ১৭ জন পূর্ণকালীন কর্মী এবং ৬০ জনের অধিক স্বেচ্ছাসেবক রয়েছেন যারা বিভিন্ন পেশাদার সংস্থা থেকে প্রশিক্ষণপ্রাপ্ত। অত্যাধুনিক সুযোগ সুবিধায় সজ্জিত ওয়াহাব আদম স্টুডিওটি ঘানার উন্নততম স্টুডিওগুলির অন্যতম। বেশ কিছু মিডিয়া এবং সম্প্রচার সংস্থা প্রশিক্ষণ ও অভিজ্ঞতা অর্জনের জন্য এ স্টুডিওতে তাদের কর্মী পাঠিয়ে থাকে।”

নতুন চ্যানেলটির কর্মপরিধি ব্যাখ্যা করে, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“কিছুক্ষণের মধ্যেই আমি এমটিএ ঘানা নামে একটি নতুন চ্যানেল উদ্বোধন করবো। এটি একটি নতুন জাতীয় টিভি চ্যানেল যা, স্থলভিত্তিক ডিজিটাল প্রচারমাধ্যমে ২৪ ঘণ্টা অনুষ্ঠানমালা সম্প্রচার করবে। কোনো স্যাটেলাইট ডিশের সাহায্য ছাড়াই, এমটিএ ঘানা অনুষ্ঠানমালা সম্প্রচার করবে এবং সাধারণ এন্টেনাতেই সমগ্র দেশে তা দেখা যাবে। অর্থাৎ ঘানার জনগণ সাধারণ এন্টেনার মাধ্যমেই খুব সহজে এই টিভি চ্যানেল দেখতে পারবেন। এটি দেশের অন্যান্য প্রধান টিভি চ্যানেলগুলোর মতো একই সাথে এবং একই ভাবে পাওয়া যাবে। এভাবে এটি সারা দেশ জুড়ে লক্ষ লক্ষ বাড়িতে পৌঁছে যাবে এবং দেশটির উত্তর থেকে দক্ষিণে সমগ্র এলাকা এর আওতাভুক্ত হবে, ইনশাআল্লাহ্।



হুয়র আকদাস বলেন যে, চ্যানেলটি ঘানায় প্রচলিত বিভিন্ন ভাষায় ধর্মীয়, শিক্ষামূলক এবং নৈতিক বিষয়বস্তুর ওপর অনুষ্ঠানমালা সম্প্রচার করবে।

চ্যানেলটির একটি অনন্য দিক তুলে ধরে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“ইসলামের প্রকৃত ও সুন্দর শিক্ষা জনগণের কাছে পৌঁছে দেওয়ার জন্যই এই চ্যানেলটি ব্যবহৃত হবে, ইনশাআল্লাহ্। এমটিএ ঘানা, দেশের ডিজিটাল প্রচারমাধ্যমের একমাত্র চ্যানেল যা শুধুমাত্র ইসলামী শিক্ষা সম্প্রচারের জন্য নিবেদিত।”

আহমদীয়া মুসলিম জামা'তের অগ্রগতির ওপর আলোকপাত করে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আমাদের বিরোধীরা যেখানে একটি রাস্তা বন্ধ করার চেষ্টা করে, সেখানে সর্বশক্তিমান আল্লাহ্ আমাদের জন্য বেশ কিছু নতুন দরজা খুলে দেন। এগুলো আমাদের ওপর সর্বশক্তিমান আল্লাহ্‌র, বিশেষ রহমত। ইনশাআল্লাহ্, যেসব পথ বন্ধ করা হচ্ছে, সেগুলোও একদিন নির্ধারিত সময়ে খুলে যাবে। যাহোক, এভাবে (যখন একদিকে রাস্তা বন্ধ হয়) আল্লাহ্ তা'লা আমাদেরকে উৎফুল্ল হওয়ার বিকল্প মাধ্যম দান করে থাকেন।”

এমটিএ ঘানা, আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের শুক্রবারের জুমুআর খুতবা এবং তার প্রদানকৃত অন্যান্য ভাষণসমূহ সহ তার সকল অনুষ্ঠানমালাই সম্প্রচার করবে।

এছাড়াও এটি ঘানার জনগণের জন্য বিশেষভাবে উপযোগী অসাধারণ অনুষ্ঠানসমূহও তৈরি করবে।

এমটিএ ঘানার এই উদ্বোধন, এমটিএ ইন্টারন্যাশনাল-এর অগ্রগতিতে আরেকটি উল্লেখযোগ্য মাইলফলক।

জুমুআর নামাযের পরপরই হুয়র আকদাস চ্যানেলটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন এবং দোয়া পরিচালনা করেন।